



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৬.২০.০১৫.২০০০-

৬৪৫

তারিখঃ ২৮ নভেম্বর ২০১৭।

বরাবর
যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, বরিশাল।

বিষয়ঃ বরিশাল পিডিপি কমপ্লেক্সের নদীরঘাট সংলগ্ন সংযোগ সড়কটির ভাড়া চুক্তির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-২৫২ তারিখঃ ২৩/১০/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল পিডিপি কমপ্লেক্সের নদীরঘাট সংলগ্ন সংযোগ সড়কটির ভাড়াটিয়া পদ্মা অয়েল কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে ডিজিএস (এইচ আর এন্ড এডমিন) জনাব মোঃ রফিকুল হাসান এর অনুকূলে সর্বশেষ মাসিক ভাড়া ৩৪,৭৫২/- টাকার উপর প্রতি বছরান্তে ২০% বৃদ্ধি করে ১ম বছরের মাসিক ভাড়া ৪১,৭০২/- (একচল্লিশ হাজার সাতশত দুই) টাকা, ২য় বছরের মাসিক ভাড়া ৫০,০৪২/- (পঞ্চাশ হাজার বিয়াল্লিশ) টাকা, নির্ধারণ করে ১৫/১১/২০১৭ তারিখ হতে ১৪/১১/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া চুক্তি সম্পাদনের প্রশাসনিক আদেশ জারি করা হলো।

শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে সংযোগ সড়কটি ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।
২. ন্যূনতম ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্ত চুক্তিপত্রে সন্নিবেশ করতে হবে।
৩. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে সংযোগ সড়কটি ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।
৪. সরকারি নিয়মানুযায়ী সংযোগ সড়কটির ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসে কর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।
৫. ভাড়াটিয়াকে নিজ খরচে সংযোগ সড়কটির মেরামত করতে হবে। সংযোগ সড়কটির মেরামত খরচ, এ উদ্দেশ্যে ব্যাংক লোন গ্রহণ, অন্যান্য মেরামতসহ সংযোগ সড়ক রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া দাবি করতে পারবে না মর্মে চুক্তিপত্রে প্রখ্যাপন করতে হবে।
৬. চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত ভাড়াটিয়ার নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।
৭. ভাড়ার টাকা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সংগতি রয়েছে কিনা তা প্রমাণের জন্য ভাড়াটিয়ার আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্র প্রদান করতে হবে।
৮. প্রতি ইংরেজি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, সংযোগ সড়কটির ভাড়া, ভ্যাট, উৎসে কর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।
১০. চুক্তিপত্রে আরবিট্রেশানের বিষয়ে প্রখ্যাপন করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত গুদাম ও স্থাপনার ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত হিসাবে আদায়ের প্রমাণকসহ বরিশাল পিডিপি কমপ্লেক্সের নদীরঘাট সংলগ্ন সংযোগ সড়কটির উল্লেখিত সময়ের নবায়ন চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে প্রতিস্থাপনপূর্বক মন জুডিশিয়াল স্ট্যাম্প ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ০৩ (তিন) সেট চুক্তিনামার খসড়া গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. জনাব জনাব-মোঃ রফিকুল হাসান, পদ্মা অয়েল কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে ডিজিএস (এইচ আর এন্ড এডমিন), ৪-স্ট্যাড রোড, চট্টগ্রাম-৪০০০।

২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৩. অফিস কপি।